বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৬.১৮.০৩ ০২ জানুয়ারী , ২০১৮

বিজ্ঞপ্তি

বিষয়ঃ খসড়া প্রবিধানমালার বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে ।

সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে এ্যাকচুয়ারী যোগ্যতা,দায়িত্ব ও কর্তৃব্য প্রবিধানমালা, ২০১৮ এর খসড়া বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করা হয়েছে (www.idra.org.bd) → Latest News। উক্ত খসড়া প্রবিধানের বিষয়ে আপনার সুচিন্তিত মতামত প্রয়োজন। আপনার মতামত আগামী ১৫ দিনের মধ্যে ই-মেইলে (aindept.idra@gmail.com) অথবা বীমা উন্নয়ণ ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর হার্ডকপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য নিধারিত সময়ের মধ্যে খসড়া প্রবিধানের বিষয়ে বিশেষজ্ঞগণ এবং সর্বসাধারণও মতামত প্রদান করতে পারবেন।

০২/০১/১৮
(ড. মহাঃ বশিরুল আলম)
পরিচালক (আইন)

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব ,আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়)
২। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন,সাধারন বীমা কর্পোরেশন
৩। প্রেসিডেন্ট বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
৪। জনাব সাইদ কুতুব, উপ-সচিব (আর্থিক প্রতিস্তান বিভাগ,অর্থ মন্ত্রণালয়)
৫। প্রেসিডেন্ট বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম
৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা (লাইফ): আলফা ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/বায়রা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/বেস্ট লাইফ ইন্স্যুঃ লিঃ/চার্টার্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ডেল্টা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ডায়মন্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ফারইস্ট ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/গোল্ডেন লাইফ ইন্স্যুঃ লিঃ/গার্ডিয়ান লাইফ ইন্স্যুঃ লিঃ/হোমল্যান্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/যমুনা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/মেঘনা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/মার্কেন্টাইল ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/মেটলাইফ/ন্যাশনাল লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/এনআরবি গ্লোবাল লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/পদ্মা ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রগতি লাইফ ইন্স্যুঃ লিঃ/পপুলার লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/প্রগ্রেসিভ লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রোটেক্টিভ ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/রূপালী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সন্ধানী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/স্বদেশ লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সোনালী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সানফ্লাওয়ার লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সানলাইফ ইন্স্যুঃ কোং লিঃ/ট্রাস্ট ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ।
৭।মুখ্য নির্বাহী কর্মকর্তা (নন-লাইফ): অগ্রণী ইন্স্যুঃ কোঃ লিঃ/এশিয়া ইন্স্যুঃ লিঃ/এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যুঃ লিঃ/বাংলাদেশ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যুঃ কোঃ লিঃ/সেন্ট্রাল ইন্স্যুঃ কোঃ লিঃ/সিটি জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/কন্টিনেন্টাল ইন্স্যুঃ লিঃ/ক্রিস্টাল ইন্স্যুঃ কোঃ লিঃ/দেশ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/ঢাকা ইন্স্যুঃ লিঃ/ইষ্টল্যান্ড ইন্স্যুঃ কোঃ লিঃ/ইষ্টার্ণ ইন্স্যুঃ কোঃ লিঃ/এক্সপ্রেস ইন্স্যুঃ লিঃ/ফেডারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/গ্লোবাল ইন্স্যুঃ লিঃ/গ্রীণ ডেল্টা ইন্স্যুঃ কোঃ লিঃ/ইসলামী কমার্শিয়াল ইন্স্যুঃ কোঃ লিঃ/ইসলামী ইন্স্যুঃ বাংলাদেশ লিঃ/জনতা ইন্স্যুঃ কোঃ লিঃ/কর্ণফুলী ইন্স্যুঃ কোঃ লিঃ/মেঘনা ইন্স্যুঃ কোঃ লিঃ/মার্কেনটাইল ইন্স্যুঃ কোঃ লিঃ/নিটল ইন্স্যুঃ কোঃ লিঃ/নর্দার্ণ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/প্যারামাউন্ট ইন্স্যুঃ কোঃ লিঃ/পিপলস্ ইন্স্যুঃ কোঃ লিঃ/ফিনিক্স ইন্স্যুঃ কোঃ লিঃ/পাইওনিয়ার ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রগতি ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রাইম ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রভাতী ইন্স্যুঃ কোঃ লিঃ/পূরবী জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/রিলায়েন্স ইন্স্যুঃ লিঃ/রিপাবলিক ইন্স্যুঃ কোঃ লিঃ/রূপালী ইন্স্যুঃ কোঃ লিঃ/সেনা কল্যাণ ইন্স্যুঃ কোঃ লিঃ/সিকদার ইন্স্যুঃ কোঃ লিঃ/সোনার বাংলা ইন্স্যুঃ লিঃ/স্ট্যান্ডার্ড ইন্স্যুঃ লিঃ/সাউথ এশিয়া ইন্স্যুঃ কোঃ লিঃ/তাকাফুল ইসলামী ইন্স্যুঃ লিঃ/ইউনিয়ন ইন্স্যুঃ কোঃ লিঃ/ইউনাইটেড ইন্স্যুঃ কোঃ লিঃ।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (একচ্যুয়ারি যোগ্যতা, দায়িত্ব ও কর্তব্য) প্রবিধানমালা, ২০১৮

বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন) এর ধারা ১৪৮ এর সহিত পঠিতব্য ধারা ৬৭ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ৩০ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ এতদ্বারা নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিলেন, যথাঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন** – (১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (একচ্যুয়ারির যোগ্যতা, দায়িত্ব ও কর্তব্য) প্রবিধানমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়-

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ০৩ এর বিধান অনুসারে গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) "একচ্যুয়ারি (actuary)" অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ২ উপ-ধারা ৮ এ বর্ণিত একচ্যুয়ারিকে বুঝাইবে।

(ঘ) "অনাবাসিক" অর্থ একজন ব্যক্তি যিনি আগন্তুক (visitor) ও সাধারণত অন্যকোন দেশের বাসিন্দা, যাহার বাংলাদেশের নাগরিকত্বও থাকিতে পারে, তবে তাহার ব্যবসায়িক কার্যক্ষেত্র বাংলাদেশের বাহিরে;

(ঙ) "আবাসিক" অর্থ একজন ব্যক্তি যিনি বাংলাদেশে স্থায়ীভাবে বসবাস করেন এবং অনাবাসিক হিসাবে বিবেচিত নহেন।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন) অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এবং তাহাদের অধীনে প্রণীত বিধিমালা ও প্রবিধানমালায় যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ প্রযোজ্য হইবে।